

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রকল্প পরিচালকের কার্যালয়  
“ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট  
(ডিটিটিটিআই) স্থাপন” শীর্ষক প্রকল্প  
বিকেটিটিসি ক্যাম্পাস  
মিরপুর রোড, দারুস-সালাম, ঢাকা-১২১৬।

স্মারক নম্বর-৪৯.০১.০০০০.৩২৭.১১.০০১.১৭-০১

তারিখ : ০৮.০৩.২০১৭ইং।


নিয়োগ বিজ্ঞপ্তি

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতায় জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন “ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ডিটিটিটিআই) স্থাপন” শীর্ষক প্রকল্পের প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ) এর সম্পূর্ণ অস্থায়ী নিম্নে বর্ণিত পদসমূহে কেবলমাত্র প্রকল্প মেয়াদকালীন সময়ের জন্য চুক্তিভিত্তিক সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে জনসূত্রে বাংলাদেশী নাগরিকের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	সাকুল্য বেতন (বেতন স্কেল-২০১৫)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	হিসাবরক্ষক	১ (এক)	১৯,৩০০/- গ্রেড-১৩ (অর্থ মন্ত্রণালয়ের ১৪/০১/২০১৬ তারিখের পরিপত্র অনুযায়ী প্রাপ্য)	প্রসিদ্ধ প্রতিষ্ঠানে ন্যূনতম ১ বছরের অভিজ্ঞতাসহ স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বানিজ্য বিভাগে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রী হইতে হইবে। প্রার্থীর MS Office এ অবশ্যই অভিজ্ঞতা থাকিতে হইবে।
২	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	২ (দুই)	১৭,০৪৫/- গ্রেড-১৬ (অর্থ মন্ত্রণালয়ের ১৪/০১/২০১৬ তারিখের পরিপত্র অনুযায়ী প্রাপ্য)	ন্যূনতম এইচএসসি পাশ এবং ৬ (ছয়) মাসের কম্পিউটার কোর্স পাশসহ কোন প্রতিষ্ঠিত প্রতিষ্ঠানে ৩ (তিন) বৎসরের কাজের বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। Typing-এর ক্ষেত্রে সর্বনিম্ন গতি : ক) বাংলা-প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। খ) ইংরেজী-প্রতি মিনিটে সর্বনিম্ন ২৫ শব্দ।

আবেদনপত্র প্রেরণেরনিয়মাবলী/শর্তসমূহ :

- সাদা কাগজে টাইপকৃত ক) নাম, খ) পিতা/স্বামীর নাম, গ) মাতার নাম, ঘ) জন্ম তারিখ, ঙ) ২৭/০৩/২০১৭ইং তারিখে বয়স, চ) বর্তমান/পত্র যোগাযোগের ঠিকানা, ছ) স্থায়ী ঠিকানা, জ) নিজ জেলার নাম, বা) জাতীয়তা, ঞ) শিক্ষাগত যোগ্যতা, ট) অভিজ্ঞতা এবং ঠ) মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখপূর্বক আগামী ২৭/০৩/২০১৭ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে প্রকল্প পরিচালক, “ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট (ডিটিটিটিআই) স্থাপন” শীর্ষক প্রকল্প, বাংলাদেশ-কোরিয়া কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, মিরপুর রোড, দারুস-সালাম, ঢাকা ঠিকানায় পৌঁছাইতে হইবে। বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।
- আবেদনপত্রের সাথে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্র, সদ্য তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি, ইউনিয়ন/পৌর কর্পোরেশনের চেয়ারম্যান/কমিশনার কর্তৃক প্রদত্ত নিজ জেলা ও নাগরিকত্ব সনদপত্র/জাতীয় পরিচয়পত্র এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করিতে হইবে।
- খামের উপরে পদের নাম এবং নিজ জেলা স্পষ্টাক্ষরে অবশ্যই উল্লেখ করিতে হইবে।
- আগামী ২৭/০৩/২০১৭ইং তারিখে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩০ বৎসর হইতে হইবে। শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানের ক্ষেত্রে সর্বোচ্চ বয়স সীমা ৩২ বৎসর।
- বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নহে।
- মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান প্রার্থীদের ক্ষেত্রে অবশ্যই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সনদপত্রের গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি দরখাস্তের সহিত জমা দিতে হইবে।
- উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক প্রদত্ত উপজাতীয় বিষয়ক সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- আনসার-গ্রাম প্রতিরক্ষা সদস্য প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা আনসার এডজুট্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করিতে হইবে।
- এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সনদের সত্যায়িত অনুলিপি দিতে হইবে।
- নিয়োগে সকল সরকারী কোটা অনুসরণ করা হইবে।
- চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। মূল আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাইতে হইবে।
- লিখিত ও ব্যবহারিক পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হইবে না।
- প্রাথমিক বাছাইয়ের পর কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র উপযুক্ত প্রার্থীগণকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য পত্র/এসএমএস দ্বারা জানানো হইবে।
- ক্রটিপূর্ণ বা অসম্পূর্ণ দরখাস্ত বাতিল বলিয়া গণ্য করা হইবে। এই জন্য কোন কারণ/ব্যাখ্যা প্রদান করিতে কর্তৃপক্ষ বাধ্য নহে।
- নিয়োগপ্রাপ্ত কর্মচারীকে যোগদানের পূর্বে নির্ধারিত ছকে চুক্তিপত্রে স্বাক্ষর করিতে হইবে।
- এই নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ করিতে অথবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করিতে বাধ্য থাকিবে না।
- সর্বক্ষেত্রে নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে এবং নিয়োগ কমিটি এই ব্যাপারে কোন প্রকার কারণ দর্শাইতে বাধ্য থাকিবে না।
- প্রকল্পের মেয়াদ শেষে চুক্তিপত্র অব্যাহতি পত্র হিসাবে গণ্য করা হইবে।
- আবেদনপত্রের সহিত প্রেরিত সকল সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে ফটোকপি) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়ন করিয়া দিতে হইবে এবং সত্যায়নকারী কর্মকর্তার সীলমোহরে তাহার পূর্ণ নাম, পদবীসহ ঠিকানা ও টেলিফোন নম্বর (যদি থাকে) অবশ্যই থাকিতে হইবে।

  
০৮/০৩/২০১৭

(ড. প্রকাশলী মোঃ সাকাওয়াং আলী)

প্রকল্প পরিচালক

“ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট  
(ডিটিটিটিআই) স্থাপন” শীর্ষক প্রকল্প

ফোন নং-৯০০০১৮৪

E-mail: principalbkttc67@yahoo.com